KRISHI GOBESHONA FOUNDATION
A non-profit foundation for sustainable support to agricultural research & development
Established 2007 (Company Act.Reg.No.C-684(05)07

স্মারক নং- কেজিএফ/নিয়োগ/২০২১/২৫৯

তারিখ ১১ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
২৫ মে ২০২১ খ্রিষ্টাব্দ

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি গবেষণা ফাউন্ডেশন এর নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে গত ২৫/৫/২০২১ খ্রিঃ এ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধনী বিজ্ঞপ্তিটি নিম্নরূপ হইবে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	২৫ মে ২০২১ খ্রিঃ (১১ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ) পর্যন্ত সর্বোচ্চ বয়সসীমা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১	পরিচালক (শস্য ও প্রাকৃতিক সম্পদ)	১	অনূর্ধ্ব ৬১ (একষট্টি) বৎসর	**যোগ্যতা** **(ক)** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞানের যে কোনো শাখায় পিএইচডি (PhD) ডিগ্রি থাকিতে হইবে **(খ)** জাতীয় ও আন্তর্জাতিক বিজ্ঞান জার্নালে কমপক্ষে ১৫ (পনের) টি প্রকাশনা (Publication) থাকিতে হইবে, তন্মধ্যে কমপক্ষে ৭ (সাত)টি পাবলিকেশনে প্রথম অথার (author) হিসাবে নাম থাকিতে হইবে। **অভিজ্ঞতা** **(ক)** জাতীয়/আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানে কৃষি গবেষণায় কমপক্ষে ২৫ (পঁচিশ) বৎসরের চাকুরির বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে **(খ)** কৃষি গবেষণা প্রতিষ্ঠানে গবেষণা পরিকল্পনা প্রণয়ন ও ব্যবস্থাপনায় জাতীয় বেতন স্কেলের ১-৩ গ্রেড ভুক্ত পদে কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে (গ) কৃষি গবেষণা প্রকল্প প্রণয়নে নেতৃত্বদান, অগ্রাধিকার (Priority) নির্ধারণ, বাস্তবায়ন, মনিটরিং, রিপোর্ট তৈরি ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা ও দক্ষতা থাকিতে হইবে **(ঘ)** বাংলাদেশে উৎপাদিত শস্যের সমস্যা, প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনা, পোস্ট-হারভেস্ট ব্যবস্থাপনা, ভ্যালু চেইন, মার্কেটিং, ফসলে জলবায়ুর প্রভাব, কৃষি-যান্ত্রিকীকরণ, ক্রস-কাটিং ইস্যুজ ইত্যাদি বিষয়ে গবেষণার প্রয়োজনীয়তা সম্পর্কে সম্যক ধারণা থাকিতে হইবে **(ঙ)** গবেষণা-সম্প্রসারণ সংযোগের মাধ্যমে সরকারি-বেসরকারি অংশীদারিত্বে প্রযুক্তি হস্তান্তর/সম্প্রসারণ বিষয়ে ধারণা ও অভিজ্ঞতা থাকিতে হইবে **(চ)** ইংরেজি ও বাংলা ভাষায় রিপোর্ট তৈরি ও যোগাযোগে পারদর্শী হইতে হইবে **(ছ)** গবেষণায় Information and Communication Technology (ICT)-এর প্রয়োগ সম্পর্কে ধারণা থাকিতে হইবে এবং প্রার্থীকে কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।
২	পরিচালক (প্রাণিসম্পদ ও মৎস্যসম্পদ)	১	অনূর্ধ্ব ৬১ (একষট্টি) বৎসর	**যোগ্যতা** **(ক)** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণিসম্পদ/মৎস্যসম্পদের যে কোনো শাখায় পিএইচডি (PhD) ডিগ্রি থাকিতে হইবে **(খ)** জাতীয় ও আন্তর্জাতিক বিজ্ঞান-জার্নালে কমপক্ষে ১৫ (পনের)টি প্রকাশনা (Publication) থাকিতে হইবে, তন্মধ্যে কমপক্ষে ৭ (সাত)টি পাবলিকেশনে প্রথম অথার (author) হিসাবে নাম থাকিতে হইবে। **অভিজ্ঞতা** **(ক)** জাতীয়/আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানে প্রাণিসম্পদ/মৎস্যসম্পদ গবেষণায় কমপক্ষে ২৫ (পঁচিশ) বৎসরের চাকুরির বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে **(খ)** সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে গবেষণা পরিকল্পনা প্রণয়ন ও ব্যবস্থাপনায় জাতীয় বেতন স্কেলে ১-৩ গ্রেড ভুক্ত পদে কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে (গ) প্রাণিসম্পদ/মৎস্যসম্পদ গবেষণা প্রকল্প প্রণয়নে নেতৃত্বদান, অগ্রাধিকার (Priority) নির্ধারণ, বাস্তবায়ন, মনিটরিং, রিপোর্ট তৈরি ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা ও দক্ষতা থাকিতে হইবে **(ঘ)** প্রাণিসম্পদ/মৎস্যসম্পদ বিজ্ঞানের সকল বিষয়ের সমস্যা, ভ্যালু চেইন, মার্কেটিং, সংরক্ষণ ও ব্যবস্থাপনা, পোস্ট-হারভেস্ট, জলবায়ুর প্রভাব ও প্রাকৃতিক সম্পদ ইত্যাদি বিষয়ে গবেষণার প্রয়োজনীয়তা সম্পর্কে সম্যক ধারণা থাকিতে হইবে **(ঙ)** গবেষণা-সম্প্রসারণ সংযোগের মাধ্যমে সরকারি-বেসরকারি অংশীদারিত্বে প্রযুক্তি হস্তান্তর/সম্প্রসারণের ধারণা ও অভিজ্ঞতা থাকিতে হইবে **(চ)** ইংরেজি ও বাংলা ভাষায় রিপোর্ট তৈরি ও যোগাযোগে পারদর্শী হইতে হইবে (ছ) গবেষণায় Information and Communication Technology (ICT)- এর প্রয়োগ সম্পর্কে ধারণা থাকিতে হইবে এবং প্রার্থীকে কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	২৫ মে ২০২১ খ্রিঃ (১১ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ) পর্যন্ত সর্বোচ্চ বয়সসীমা	যোগ্যতা ও অভিজ্ঞতা
৩	সিনিয়র স্পেশালিস্ট (মাঠ শস্য)	১	অনূর্ধ্ব ৬১ (একষট্টি) বৎসর	**যোগ্যতা** **(ক)** কৃষি বিজ্ঞানের মাঠ শস্যের যেকোনো শাখায় পিএইচডি (PhD) ডিগ্রি থাকিতে হইবে **(খ)** জাতীয় ও আন্তর্জাতিক বিজ্ঞান জার্নালে কমপক্ষে ১০ (দশ)টি পাবলিকেশন থাকিতে হইবে, তন্মধ্যে ৫ (পাঁচ)টিতে অবশ্যই প্রথম অথার (author) হিসাবে নাম থাকিতে হইবে। **অভিজ্ঞতা** **(ক)** জাতীয়/আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানে কৃষি বিজ্ঞানের শস্য ও শস্য ব্যবস্থাপনা শাখার গবেষণায় কমপক্ষে ২০ (বিশ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে **(খ)** গবেষণা পরিকল্পনা প্রণয়ন, পরিচালনা, গবেষণার অগ্রাধিকার নির্ণয় ও গবেষণা ব্যবস্থাপনায় অভিজ্ঞতা থাকিতে হইবে **(গ)** গবেষণা প্রকল্প তৈরি, বাস্তবায়ন, সমন্বয়, প্রকল্প পর্যবেক্ষণ ও মূল্যায়ন ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা থাকিতে হইবে **(ঘ)** ইংরেজি ও বাংলা ভাষায় রিপোর্ট তৈরি ও যোগাযোগে পারদর্শী হইতে হইবে **(ঙ)** ফসলের উন্নয়ন সম্পর্কিত নীতি, এগ্রো-বিজনেস, বায়োসেফটি (Biosafety) ও ফসলের জাত অবমুক্তকরণ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকিতে হইবে **(চ)** জাতীয় ও আন্তর্জাতিক গবেষণা ও সম্প্রসারণ সিস্টেম-এর সহিত সুপরিচিত হইতে হইবে **(ছ)** কৃষি সংশ্লিষ্ট নীতিমালা সম্পর্কে সম্যক ধারণা থাকিতে হইবে **(জ)** আইসিটি (ICT) সম্পর্কে ধারণা থাকিতে হইবে এবং কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।
৪	সিনিয়র স্পেশালিস্ট (জলবায়ু ও প্রাকৃতিক সম্পদ)	১	অনূর্ধ্ব ৬১ (একষট্টি) বৎসর	**যোগ্যতা** **(ক)** কৃষি বিজ্ঞানের শস্য ও শস্য ব্যবস্থাপনা/মৃত্তিকা ও ভূমিসম্পদ ব্যবস্থাপনা/সেচ ও পানি ব্যবস্থাপনা শাখায় পিএইচডি (PhD) ডিগ্রি থাকিতে হইবে **(খ)** জাতীয় ও আন্তর্জাতিক বিজ্ঞান জার্নালে কমপক্ষে ১০ (দশ)টি পাবলিকেশন থাকিতে হইবে, তন্মধ্যে ৫ (পাঁচ)টিতে অবশ্যই প্রথম অথার (author) হিসাবে নাম থাকিতে হইবে। **অভিজ্ঞতা** **(ক)** জাতীয়/আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানে কৃষি বিজ্ঞানের শস্য ও শস্য ব্যবস্থাপনা/ মৃত্তিকা ও ভূমিসম্পদ ব্যবস্থাপনা/সেচ ও পানি ব্যবস্থাপনা শাখার গবেষণায় কমপক্ষে ২০ (বিশ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে **(খ)** গবেষণা পরিকল্পনা প্রণয়ন, পরিচালনা, গবেষণার অগ্রাধিকার নির্ণয় ও গবেষণা ব্যবস্থাপনায় অভিজ্ঞতা থাকিতে হইবে **(গ)** গবেষণা প্রকল্প তৈরি, বাস্তবায়ন, সমন্বয়, প্রকল্প পর্যবেক্ষণ ও মূল্যায়ন ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা থাকিতে হইবে **(ঘ)** ইংরেজি ও বাংলা ভাষায় রিপোর্ট তৈরি ও যোগাযোগে পারদর্শী হইতে হইবে **(ঙ)** শস্য ও শস্য ব্যবস্থাপনা/ মৃত্তিকা ও ভূমিসম্পদ ব্যবস্থাপনা/সেচ ও পানি ব্যবস্থাপনা এবং জলবায়ু ও পরিবেশ সংশ্লিষ্ট বিষয়ে সম্যক ধারণা থাকিতে হইবে **(চ)** জাতীয় ও আন্তর্জাতিক গবেষণা ও সম্প্রসারণ সিস্টেম-এর সহিত সুপরিচিত হইতে হইবে **(ছ)** কৃষি সংশ্লিষ্ট নীতিমালা সম্পর্কে সম্যক ধারণা থাকিতে হইবে **(জ)** আইসিটি (ICT) সম্পর্কে ধারণা থাকিতে হইবে এবং কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।
৫	সিনিয়র স্পেশালিস্ট (প্রাণিসম্পদ)	১	অনূর্ধ্ব ৬১ (একষট্টি) বৎসর	**যোগ্যতাঃ** **(ক)** প্রাণিসম্পদ বিজ্ঞানের যে কোনো শাখায় পিএইচডি (PhD) ডিগ্রি থাকিতে হইবে **(খ)** জাতীয় ও আন্তর্জাতিক বিজ্ঞান জার্নালে কমপক্ষে ১০ (দশ)টি পাবলিকেশন থাকিতে হইবে , তন্মধ্যে ৫ (পাঁচ) টিতে অবশ্যই প্রথম অথার (author) হিসাবে নাম থাকিতে হইবে। **অভিজ্ঞতা** **(ক)** জাতীয়/আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানে প্রাণিসম্পদ বিজ্ঞানের যে কোনো শাখায় গবেষণার ন্যূনতম ২০ (বিশ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে **(খ)** গবেষণা পরিকল্পনা প্রণয়ন, পরিচালনা, গবেষণার অগ্রাধিকার নির্ণয় ও গবেষণা ব্যবস্থাপনায় অভিজ্ঞতা থাকিতে হইবে **(গ)** গবেষণা প্রকল্প তৈরি, বাস্তবায়ন, সমন্বয়, প্রকল্প নিরীক্ষণ ও মূল্যায়ন ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা থাকিতে হইবে **(ঘ)** ইংরেজি ও বাংলা ভাষায় রিপোর্ট তৈরি ও যোগাযোগে পারদর্শী হইতে হইবে **(ঙ)** প্রাণিসম্পদের সার্বিক উন্নয়ন সম্পর্কিত যথা, পলিসি, এগ্রো-বিজনেস, বায়োসিকিউরিটি (biosecurity), গবেষণা-সম্প্রসারণ/ যোগাযাগ, আন্তর্জাতিক অংশীদারিত্ব (Partnership) বিষয়ে সার্বিক ধারণা থাকিতে হইবে **(চ)** জাতীয় ও আন্তর্জাতিক গবেষণা ও সম্প্রসারণ সিস্টেম-এর সহিত সুপরিচিত হইতে হইবে **(ছ)** প্রাণিসম্পদ সংশ্লিষ্ট নীতিমালা/ নির্দেশিকা এবং বিভিন্ন আইন ও বিধিমালা সম্পর্কে ধারণা থাকিতে হইবে **(জ)** আইসিটি (ICT) সম্পর্কে ধারণা থাকিতে হইবে এবং কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	২৫ মে ২০২১ খ্রিঃ (১১ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ) পর্যন্ত সর্বোচ্চ বয়সসীমা	যোগ্যতা ও অভিজ্ঞতা
৬	ম্যানেজার (অর্থ ও হিসাব)	১	অনূর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বৎসর	**যোগ্যতা** **(ক)** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমকম/এমবিএ/সিএ ডিগ্রি থাকিতে হইবে **(খ)** শিক্ষাগত যোগ্যতায় কোনো পর্যায়ে তৃতীয় শ্রেণি/বিভাগ/সমতুল্য গ্রেড গ্রহণযোগ্য নয়। **অভিজ্ঞতা** **(ক)** সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে অর্থ ও হিসাব ব্যবস্থাপনায় ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে **(খ)** বাজেট তৈরি ও বাজেট নিয়ন্ত্রণ (Control) বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে **(গ)** উন্নয়ন সহযোগী সংস্থায় ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পে আর্থিক ব্যবস্থাপনার অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য হইবে **(ঘ)** প্রাতিষ্ঠানিক বাজেট, অ্যাকাউন্টস, অডিট, ফান্ড ব্যবস্থাপনা ও ব্যাংকিং সিসটেম সম্পর্কিত বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে **(ঙ)** হিসাব ব্যবস্থাপনায় অনলাইন ব্যাংকিং সংক্রান্ত সফ্টওয়্যার ব্যবহারের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে **(চ)** আইসিটি (ICT) সম্পর্কে ধারণা থাকিতে হইবে এবং কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।
৭	সহকারী ম্যানেজার (সংস্থাপন)	১	অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বৎসর	**যোগ্যতা** **(ক)** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে মাস্টার্স ডিগ্রি থাকিতে হইবে **(খ)** শিক্ষাগত যোগ্যতায় কোনো পর্যায়ে তৃতীয় শ্রেণি/বিভাগ/সমতুল্য গ্রেড গ্রহণযোগ্য নয়। **অভিজ্ঞতা** **(ক)** সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে অফিস ব্যবস্থাপনায় ন্যূনতম ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে **(খ)** কর্মচারীদের বার্ষিক বেতন বৃদ্ধি, প্রোভিডেন্ট ফান্ড, ছুটি নগদায়ন, গ্র্যাচুইটি অবসর পরবর্তী আর্থিক সুবিধাদি প্রদান ইত্যাদি সম্পর্কে অভিজ্ঞতা থাকিতে হইবে **(গ)** অফিস ব্যবস্থাপনায় প্রশিক্ষণ প্রাপ্তদের বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচনা করা হইবে **(ঘ)** আইসিটি (ICT) সম্পর্কে ধারণা থাকিতে হইবে এবং কম্পিউটার প্রযুক্তি ব্যবহারে পারদর্শী হইতে হইবে।

আবেদন/নিয়োগের শর্তাবলীঃ

(১) আবেদনকারীরগণকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে (২) আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখিত রহিয়াছে আবেদনপত্রে সেইভাবে লিখিতে হইবে (৩) বয়স সীমা- ২৫/০৫/২০২১ খ্রিঃ তারিখে পদের বিপরীতে উল্লেখিত বয়স সীমার ঊর্ধ্বে নয় (৪) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে (৫) কেজিএফ-এর বিভাগীয় প্রার্থী হিসাবে প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা শিথিলযোগ্য (৬) প্রার্থীকে অবশ্যই আগামী ১৫ জুন ২০২১ খ্রিঃ/ ১ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে চেয়ারম্যান, নিয়োগ কমিটি, কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ), এআইসি বিল্ডিং, ৪র্থ তলার কক্ষ নং-৪২১, বিএআরসি ক্যাম্পাস, ফার্মগেট, ঢাকা-১২১৫ বরাবরে দরখাস্ত জমা দিতে হইবে (৭) কেজিএফ এর নির্ধারিত আবেদন পত্রে (Prescribed format) দরখাস্ত দাখিল করিতে হইবে। সকল সনদের ফটোকপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে (৮) আবেদন পত্র কেজিএফ এর ওয়েবসাইট (www.kgf.org.bd) থেকে সংগ্রহ করিতে হইবে (৯) আবেদন পত্রের সাথে অবশ্যই সদ্য তোলা পিপি সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি সংযুক্ত করিতে হইবে (১০) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না (১১) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করিতে হইবে (১২) আবেদনপত্রের সহিত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করিতে হইবে (১৩) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন (১৪) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

নির্বাহী পরিচালক
কৃষি গবেষণা ফাউন্ডেশন